

বন্ধ ঘরে

আমরা সবাই ফিরে আসি  
ফিরে আসি বন্ধ ঘরে  
যতই যাইনা জংলা পাহাড়  
জলা নদী দুমোহনী  
বালির বাঁধে সাগরবেলা  
ফিরেই আসি বন্ধ ঘরে।

বাইরে রোদে ছটি পাখী  
ছটি পাখী করছে খেলা  
অজয় ধারায় ডুগ্‌ডুগী গায়  
একতারা খোল নেচে বেড়ায়  
যতই কর নাচন্ কোদন্ বনভোজন  
ইচ্ছে মতন সঙ্গী গ্রহণ মালাচন্দন  
সঙ্গে নিয়ে নাটের রানি কণ্ঠবদল  
কমলদলন গভীর মিলন বন্ধ ঘরে

ফিরতে হবে ফিরতে হয় যে বন্ধ ঘরে  
দিবস বাতি জ্বলছে আগুন  
কে নেভাবে চিতার বাতি।

অণ মুখোপাধ্যায়

